# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২০৮

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৯. হায়িযগ্রস্ত পবিত্রতা লাভের সময় পানি না পেলে

بَاب الْحَائِضِ إِذَا طَهُرَتْ وَلَمْ تَجِدْ الْمَاءَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ حَدَّثَنَا ضَمْرَةُ قَالَ عَبْدُ اللَّهِ بْنُ شَوْذَبٍ حَدَّثَنَا عَنْ مَطَرٍ قَالَ سَأَلْتُ الْحَسَنَ وَعَطَاءً عَنْ الرَّجُلِ تَكُونُ مَعَهُ امْرَأَتُهُ فِي سَفَرٍ فَتَحِيضُ ثُمَّ تَطْهُرُ وَلَا تَجِدُ الْمَاءَ قَالَا تَتَيَمَّمُ وَتُصَلِّي قَالَ قُلْتُ لَهُمَا يَطَؤُهَا زَوْجُهَا قَالَا نَعَمْ الصَّلَاةُ أَعْظَمُ مِنْ ذَلِكَ

বাংলা

১২০৮. মাতার বলেন, আমি হাসান এবং আতা রাহি. কে জিজ্ঞেস করেছিলাম, সফর অবস্থায় এক লোকের সাথে তার স্ত্রী রয়েছে। আর তখন সে মহিলার হায়িয হয়। তারপর সে পবিত্র হয় (স্রাব বন্ধ হয়ে যায়), কিন্তু সে পানি পায় না। (এমতাবস্থায় সে কী করবে?)

তারা উভয়ে বলেছেন: সে তায়াম্মুম করবে এবং সালাত আদায় করবে। তিনি (মাতার) বলেন: আমি তাদের উভয়কে বললাম, তার স্বামী কি তার সাথে সহবাস করবে? তারা উভয়ে বললেন: হাঁ। এর চেয়ে সালাত অনেক বড় মহত কাজ।[1] (তাই সালাত আদায় বৈধ হলে সহবাস তো আরও অধিক বৈধ)।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: হাসানের হাদীসটির সনদ হাসান।... আতার হাদীসটি যয়ীফ। আতা হতে মাতার এর বর্ণনা যয়ীফ।

তাখরীজ: হাসান হতে... ইবনু আবী শাইবা ১/৯৭ মুনকাতি’ সনদে...; বাইহাকী ১/৩১০।

আতার হাদীসটি বর্ণনা করেছেন, ইবনু আবী শাইবা ১/৯৭ যয়ীফ সনদে; দেখুন বিগত ১১২৭ (অনুবাদ ১১২১) নং হাদীসটি দেখুন।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81491

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন